

## পাবিপ্রবি ও শিক্ষককের শোকজের প্রতিবাদে বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা, পাবনা, ২৮ অক্টোবর ॥ পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৩ শিক্ষককে শোকজের প্রতিবাদে বিক্ষোভ করেছে শিক্ষার্থীরা। সোমবার সকাল থেকে বেলা একটা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবন ঘেরাও করে বিক্ষোভ করে শিক্ষার্থীরা। এ সময় প্রক্টরিয়াল বডি ও ছাত্র উপদেষ্টার পদত্যাগসহ ১১ দফা দাবি করেন তারা। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ে ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগে শিক্ষক নিয়োগ পরীক্ষায় নিয়োগের প্রতিশ্রুতিতে ৮ লাখ টাকা ঘুষ গ্রহণের অভিযোগ ওঠে ভিসি প্রফেসর ড. এম রোসুম আলীর বিরুদ্ধে। নিয়োগ না পেয়ে ওই পরীক্ষার্থী ভিসির কাছে টাকা ফেরত চান। তাদের কথোপকথনের সেই অডিও ফেসবুকে ভাইরাল হলে ৩ শিক্ষক তাদের ফেসবুকে বিষয়টি নিয়ে স্ট্যাটাস দেন। এ কারণে তাদেরকে শো-কজ করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। শোকজপ্রাপ্ত শিক্ষকরা হলেন- বিবিএ বিভাগের সহকারী অধ্যাপক কামাল হোসেন, অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক ইয়াহিয়া ব্যাপারী ও ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক কামরুল হাসান। বিষয়টিকে বাস্তবায়নতায় হস্তক্ষেপ দাবি করে শোকজ প্রত্যাহার, ঘুষ কেলেঙ্কারীর তদন্তসহ ১১ দফা দাবিতে আন্দোলনে নামেন শিক্ষার্থীরা।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
ই-মেইল: janakanthanews@gmail.com  
ই-জনকণ্ঠ: [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com